গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০১.২১-৫৪

তারিখঃ ২৮ মাঘ ১৪২৭ ব.
১১ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী লাইব্রেরীয়ানগণ কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে টিএমইডিতে তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:১৪/বিবিধ-১-৮/২০১০/৪১৬, তারিখ: ২৫/১০/২০১১ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:১৪/বিবিধ ১-৮/২০১০/১৪৩/২০, তারিখ: ১৫/০৪/২০১২ খ্রি
(৩) টিএমইডি' স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৬.১৮-১৭৪, তারিখ: ১৯/০৭/২০২০ খ্রি.
(৪) জনাব মো: ইউনুস আরেফিন, সহকারী গ্রন্থাগারিক, বেড়া মহিলা ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, বেড়া, পাবনা এর আবেদন, তারিখ: ২৬/০১/২০২১ খ্রি.
(৫) জনাব মো: ফিরোজ আহমেদ, সহ: গ্রন্থা:, চেউটিয়া আবু জাফর সিদ্দিক দাখিল মাদ্রাসা, আশাশুনি, সাতক্ষীরা কর্তৃক ১৫ জনের পক্ষে দাখিলকৃত আবেদন, তারিখ: ৩১/১/২১খ্রি.।
(৬) জনাব মো: আব্দুল কাদের, সহকারী গ্রন্থা:, আইটপাড়া আজিজিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা এর আবেদন, তারিখ: ২৪/০১/২১খ্রি.
(৭) জনাব মোছাম্মদ শামছুন্নাহার, সহকারী গ্রন্থাগারিক, মধুপুর আর,পি.টি দাখিল মাদ্রাসা, তারাকান্দা, ময়মনসিংহ কর্তৃক ৯ জনের পক্ষে দাখিলকৃত আবেদন, তারিখ: ২০/০১/২১খ্রি.
(৮) জনাব এস এম আনোয়ারুল কবির, সহকারী গ্রন্থাগারিক, জিয়লমারী দাখিল মাদ্রাসা, রামপাল, বাগেরহাট এর নিকট হতে প্রাপ্ত আবেদন, তারিখ: ১১/০১/২১খ্রি.
(৯) জনাব মো: শফিকুল ইসলাম, সহকারী গ্রন্থাগারিক, ভুরারঘাট এম ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর আবেদন, তারিখ: ১৩/০১/২১খ্রি.
(১০) জনাব মো: বদরুজ্জামান, সহকারী গ্রন্থাগারিক, পরভেল্লাবাড়ীয়া দাখিল মাদ্রাসা, পাংশা, রাজবাড়ী এর আবেদন, তারিখ: ০৭/০২/২০২১খ্রি.
(১১) জনাব মো: আক্কাচ আলী, সহ: গ্রন্থা:, রায়নগর দারুল উলুম ইসলামিয়া ফাযিল (স্নাতক) মাদ্রাসা, কালুখালী, রাজবাড়ী'র আবেদন, তারিখ: ০৪/০২/২১খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৫.১০.২০১১ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে জারিকৃত পরিপত্রমূলে গত ৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে জারিকৃত "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০" সংশোধন করা হয়।

২। উক্ত সংশোধনী নির্দেশিকায় (২৫.১০.১১ তারিখের ৪১৬ সংখ্যক স্মারকমূলে) অনুচ্ছেদ (ঘ)-তে মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের ন্যায় দাখিল ও আলিম মাদ্রাসায় "সহকারি গ্রন্থাগারিক"-এর পদ অন্তর্ভূক্ত করা হয়।

৩। উক্ত পরিপত্রের নির্দেশনার আলোকে আবেদনকারীগণ দেশের বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ পেয়ে যোগদান করে বর্তমানে কর্মরত রয়েছেন।

৪। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৫/০৪/২০১২ তারিখে সূত্রোক্ত (২) স্মারকমূলে জারিকৃত পরিপত্রের মাধ্যমে সুত্রোক্ত (১) নং স্মারকমূলে জারীকৃত পত্রের অন্তর্ভূক্ত **গ ও ঘ** অনুচ্ছেদে উল্লিখিত জনবল নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, বেতন কাঠামো নির্ধারণ ও নিয়োগ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত এ সকল পদে নিয়োগ দেয়া যাবে না মর্মে উল্লেখ করা হয়।

৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৫/১০/১১ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রের মেয়াদ ০৬ (ছয়) মাস বহাল থাকার পর গত ১৫/০৪/১২ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারক দ্বারা নিয়োগের কার্যক্রম স্থগিত করা হয়।

৬। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত গত ২৫/১০/১১ তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকের নিয়োগ আদেশ এবং ১৫/০৪/১২ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকের স্থগিতাদেশের মধ্যবর্তী ০৬ (ছয়) মাস সময়ে আবেদনকারীগণ দেশের বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে "সহকারী গ্রন্থাগারিক" পদে নিয়োগ পেয়ে স্ব স্ব প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন।

৭। পরবর্তীতে উক্ত সহকারী গ্রন্থাগারিকগণের মধ্যে হতে জনাব খালেদা আক্তার কর্তৃক এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাউশিঅ বরাবর ২০/০২/২০১৭ তারিখে আবেদন করলে কোন প্রতিকার না পাওয়ায় (এমপিওভুক্ত না করায়) আবেদনকারীগণের মধ্য থেকে জনাব মো: সাইফুল্লাহ গং ৩৭ (সায়ত্রিশ) জন কর্তৃক এমপিওভুক্তির দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭১৪১/২০১৬ দায়ের করা হয়।

৮। উক্ত রিট মামলায় মহামান্য আদালত কর্তৃক গত ২৮/০১/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশে পিটিশনারগণ-কে স্ব-স্ব প্রতিষ্ঠানে যোগাদানের তারিখ হতে এমপিওভুক্তির বিষয়ে ৩১/০৫/১৬ তারিখে দাখিলকৃত উকিল নোটিশটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ১ নং রেসপনডেন্ট (সচিব, শিক্ষা মন্ত্রণালয়) এর প্রতি নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়-

Accordingly, Secretary, Ministry of Education (respondent No. 1) is directed to dispose of the petitioners' notice demanding justice dated 31.05.2016 (Annexure-L ) within a period of 60 (sixty) days, in accordance with law, from the date of receipt of this judgment.

৯। রিট মামলার উক্ত রায়/নির্দেশনার আলোকে তথ্যাদি যাচাইক্রমে ইতোপূর্বে ৩৭ জন আবেদনকারীর মধ্যে ৩৫ (পঁয়ত্রিশ) জন সহকারী গ্রন্থাগারিক-কে এমপিওভুক্তির জন্য এবং ০২ (দুই) জনের তথ্য যাচাইয়ের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দিয়ে টিএমইডি হতে গত ১৯/৭/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পত্র জারি করা হয়।

১০। যৌক্তিকতা থাকায় ৩৫ (পঁয়ত্রিশ) জন আবেদনকারীকে সহকারী গ্রন্থাগারিক পদে এমপিওভুক্তির জন্য ইতোমধ্যে সূত্রোক্ত (৩) নং স্মারকে তারিখ: ১৯/৭/২০২০ খ্রি. মোতাবেক টিএমইডি হতে জি.ও জারী হয়েছে বিধায় একই বিধানের আলোকে দাবী করে সূত্রোক্ত (৪) হতে (১১) নং স্মারকমূলে প্রাপ্ত আবেদন সচিব, টিএমইডি বরাবর দাখিল করা হয়েছে। আবেদনকারীগণের (৩২ জন) নিয়োগ যোগদান একই মর্মে প্রমাণিত হলে আলোচ্য আবেদনকারীগণও উক্ত ৩৫ জনের অনুরূপ সুবিধা পাওয়ার হকদার।

১১। আবেদনকারীগণ (৩২ জন) নিম্নবর্ণিত প্রতিষ্ঠানে ২৫/১০/২০১১ হতে ১৫/০৪/২০১২ খ্রি. তারিখের মধ্যে সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ পেয়ে (উক্ত সময়ের মধ্যে নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন হওয়ার শর্তে) কর্মরত আছেন কিনা তা যাচাইক্রমে নিয়োগ এবং যোগদানের তারিখের শুন্য ঘর সঠিক তারিখ দ্বারা পূর্ণক্রমে ছক মতে তথ্য প্রেরণ করা প্রয়োজন-

| ক্র: নং: | জেলার নাম | আবেদনকারী / সহকারী গ্রন্থাগারিকের নাম | প্রতিষ্ঠানের নাম ও উপজেলা (যে প্রতিষ্ঠানের যোগদান করে কর্মরত মর্মে উল্লেখ করা হয়েছে) | নিয়োগের তারিখ | যোগদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | গাইবান্ধা | জনাব মো: শফিকুল ইসলাম | ভূরারঘাট এম.ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, উপজেলা-সুন্দরগঞ্জ | | | |
| ২ | | জনাব জাহেদা খাতুন | সুন্দরগঞ্জ সদর বহুমুখী দাখিল মাদ্রাসা, উপ:-সুন্দরগঞ্জ | | | |
| ৩ | | জনাব মিক্তার জিন্নাহ খাতুন | আজেপাড়া দাখিল মাদ্রাসা, উপজেলা-সুন্দরগঞ্জ | | | |
| ৪ | বাগেরহাট | জনাব এস এম আনোয়ারুল কবির | জিয়লমারী দাখিল মাদ্রাসা, উপজেলা-রামপাল | | | |
| ৫ | ময়মনসিংহ | জনাব মোছাম্মদ শামছুন্নাহার | মধুপুর আর.পি.টি দাখিল মাদ্রাসা, উপ:- তারাকান্দা | | | |
| ৬ | | জনাব মোহাম্মদ আব্দুল মালেক | কামারিয়া বাজার বালিকা দাখিল মাদ্রাসা, তারাকান্দা | | | |
| ৭ | | জনাব মো: আনোয়ারুল হক | চরপড়া দাখিল মাদ্রাসা, উপজেলা- তারাকান্দা | | | |
| ৮ | | জনাব মোহাম্মদ আবুল কাশেম | হোসেনপুর ইছহাকিয়া মহিলা দাখিল মাদ্রাসা, ফুলপুর | | | |
| ৯ | নেত্রকোনা | জনাব ফারজানা আক্তার রনি | রাজঘাট ডি.ইউ আলিম মাদ্রাসা, উপজেলা- কেন্দুয়া | | | |
| ১০ | | জনাব নার্গিস আক্তার | পাইকুড়া মুহীয়ে ইসলাম দাখিল মাদ্রাসা, উপ. কেন্দুয়া | | | |
| ১১ | | জনাব আবু তাহের | শিবপ্রসাদপুর দাখিল মাদ্রাসা, উপজেলা- সদর | | | |
| ১২ | | জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর | মদনপুর শাহ সুলতান আলিম মাদ্রাসা, উপজেলা-সদর | | | |
| ১৩ | শেরপুর | জনাব মেজবাহ উদ্দিন | কৃষ্ণপুর দাখিল মাদ্রাসা, উপজেলা- নকলা | | | |
| ১৪ | কুমিল্লা | জনাব মো: আব্দুল কাদের | আইটপাড়া আজিজিয়া সিনিয়র মাদ্রাসা, নাঙ্গালকোট | | | |
| ১৫ | সাতক্ষীরা | জনাব মো: ফিরোজ আহম্মেদ | চেউটিয়া আবু জাফর সিদ্দিক দাখিল মাদ্রাসা,আশাশুনি | | | |
| ১৬ | | জনাব মেহেদী হাসান | মধ্যম একসরা দারুল উলুম দাখিল মাদ্রাসা, আশাশুনি | | | |
| ১৭ | রাজশাহী | জনাব মো: মোস্তাফিজুর রহমান | গোপালপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, বাগমারা | | | |
| ১৮ | | জনাব মো: মাহবুব আলম | পাইকপাড়া দাখিল মাদ্রাসা, উপজেল- বাগমারা | | | |
| ১৯ | | জনাব মো: মোজাম্মেল হক | গোপালপুর দাখিল মাদ্রাসা, উপজেলা- দুর্গাপুর | | | |
| ২০ | মাগুরা | জনাব মো: জিল্লুর রহমান | লাঙ্গলবাঁধ দা: ই: সি: সি: মাদ্রাসা, উপজেলা-শ্রীপুর | | | |
| ২১ | ঝিনাইদহ | জনাব কল্পনা রানী | শহীদনগর দাখিল মাদ্রাসা, উপজেলা- শৈলকুপা | | | |
| ২২ | দিনাজপুর | জনাব আবু সাঈদ মো: শফিউল আলম সরকার | পীরগঞ্জ দারুস সালাম আলিম মাদ্রাসা, উপজেলা- চিরিরবন্দর | | | |
| ২৩ | | জনাব মো: আব্দুর রাজ্জাক | নশরতপুর রহমানিয়া বালিকা দাখিল মাদ্রাসা, উপজেলা- চিরিরবন্দর | | | |
| ২৪ | | জনাব মো: জামাল উদ্দিন | গোলাম রহমান শাহ সিনিয়র আলিম মাদ্রাসা, উপজেলা- খানসামা | | | |
| ২৫ | | জনাব মো: গোলাম রব্বানী সরকার | সাকোর পাড় আকবর আলী শাহ আলিম মাদ্রাসা, উপজেলা- খানসামা | | | |
| ২৬ | চাঁপাইনবাবগঞ্জ | জনাব মো: হাবিবুর রহমান | বাগডাঙ্গা দারুল উলুম দাখিল মাদ্রাসা, উপজেলা-সদর | | | |
| ২৭ | | জনাব মোসা: আমেনা খাতুন | কর্ণখালী এহইয়াউল উলুম দাখিল মাদ্রাসা, শিবগঞ্জ | | | |
| ২৮ | | জনাব মুহা: বদিউজ্জামান | জমিনপুর হয়রোজ আলী দাখিল মাদ্রাসা, শিবগঞ্জ | | | |
| ২৯ | নীলফামারী | জনাব মো: আব্দুর রউফ সরকার | শ্বাষকান্দর সিনিয়র মাদ্রাসা, উপজেলা- সৈয়দপুর | | | |
| ৩০ | পাবনা | জনাব মো: ইউনুস আরেফিন | বেড়া মহিলা ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, উপজেলা- বেড়া | | | |
| ৩১ | রাজবাড়ী | জনাব মো: বদরুজ্জামান | পারভেল্লাবাড়ীয়া দাখিল মাদ্রাসা, পাংশা | | | |
| ৩২ | | জনাব মো: আক্কাচ আলী | রায়নগর দারুল উলুম ইসলামিয়া ফাযিল (স্নাতক) মাদ্রাসা, কালুখালী | | | |

১২। এমতাবস্থায়, উপরি-উক্ত ছকে বর্ণিত ৩২ জন আবেদনকারীর সঠিকতা যাচাইপূর্বক শুন্য ঘর সঠিক তারিখ দ্বারা পুর্ণক্রমে উদ্ধৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রত্যয়নসহ চাহিত তথ্য আগামী ১০/০৩/২০২১ তারিখের মধ্যে TMED -তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

১১.০২.২১

(নুরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।